যুগান্তর

তারিখ 24 JUL 2005
পৃষ্ঠা ১ কলাম ১

ঢাবিতে অধ্যাপক আফতাবের যোগদানে শিক্ষকদের বিরোধিতা : অবাঞ্ছিত ঘোষণা

যুগান্তর রিপোর্ট

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অপসারিত উপাচার্য অধ্যাপক আফতাব আহমাদকে ঢাকা বিশ্ববিদ্যালয়েও চাচ্ছেন না শিক্ষকরা। দলমত নির্বিশেষে বিভাগের সব শিক্ষকের প্রতিরোধের মুখে তিনি ফিরে যান। শনিবার অধ্যাপক আফতাব রাষ্ট্রবিজ্ঞান বিভাগে যোগদান করতে গেলে দলমত

অবাঞ্ছিত : পৃষ্ঠা ৭ : কলাম ৫

অবাঞ্ছিত : আফতাবকে

(১২ পৃষ্ঠার পর)

নির্বিশেষে বিভাগের সব শিক্ষক প্রতিবাদ জানান বলে জানা যায়।

ক্যাম্পাস সূত্র জানায়, অধ্যাপক আফতাব আহমাদ গত ২০ জুলাই অপসারিত হওয়ার পরের দিন রাষ্ট্রবিজ্ঞান বিভাগে যোগদান করতে যান এবং বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক শহীদুল্লাহর কাছে জয়েনিং লেটার দেন। শনিবার যোগদান করতে গেলে চেয়ারম্যানকে শিক্ষকরা চাপ দেন তাকে বিভাগে না নেয়ার জন্য। একইসঙ্গে সব শিক্ষক মিলে উপাচার্যের কাছে গিয়ে অধ্যাপক আফতাবকে বিভাগে অবাঞ্ছিত করার কথা জানান। তখন উপাচার্য শিক্ষকদের বিভাগীয় সমন্বয় ও উন্নয়ন কমিটিতে (সিএডডি) এ বিষয়ে সিদ্ধান্ত নেয়ার পরামর্শ দেন। সে অনুযায়ী আগামী ২৭ জুলাই বিভাগীয় সিএডডি ডাকা হয়েছে। রাষ্ট্রবিজ্ঞান বিভাগের একজন শিক্ষক জানান, তিনটি কারণে তারা অধ্যাপক আফতাব আহমাদকে বিভাগে অবাঞ্ছিত করেছেন। এগুলো হচ্ছে- ১. জাতীয় বিশ্ববিদ্যালয়ে যাওয়ার আগে অধ্যাপক আফতাব ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ছিলেন। ওই বিভাগে যাওয়ার সময়ে এমনকি জাতীয় বিশ্ববিদ্যালয়ে যাওয়ার সময়ও তিনি রাষ্ট্রবিজ্ঞান বিভাগ থেকে ছুটি নেননি। ২. বৃহস্পতিবার দেয়া যোগদানপত্রে অধ্যাপক আফতাব চার বছর ডেপুটেশন শেষে যোগদানের কথা জানান। কিন্তু ডেপুটেশনের মাত্র দু'বছর পার হয়েছে। ৩. ২০০৩ সালের অনার্স ফাইনাল পরীক্ষায় অধ্যাপক আফতাব দুটি কোর্স নিয়েছেন। এতে নম্বর দেয়ায় অনিয়ম করেছেন। এসব অভিযোগ উত্থাপন করে শিক্ষকরা অধ্যাপক আফতাবের বিভাগে যোগদানে বাধা দিয়েছেন বলে ওই শিক্ষক সাংবাদিকদের জানান। এ ব্যাপারে অধ্যাপক আফতাব আহমাদের সঙ্গে টেলিফোনে যোগাযোগের চেষ্টা করে পাওয়া যায়নি। উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজের সঙ্গেও মোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করে পাওয়া যায়নি।